দৈনিক ইনকিলাব

তারিখ ...

পৃষ্ঠা ৩ কলাম ২

NOV. 0 1 2002

# যুক্তরাষ্ট্রের উদ্দেশ্যে শিক্ষামন্ত্রীর ঢাকা ত্যাগ

**তথ্য বিবরণী ঃ** শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক এমপি যুক্তরাষ্ট্রে এক সরকারী সফরের উদ্দেশ্যে গতকাল (বৃহস্পতিবার) ঢাকা ত্যাগ করেছেন। শিক্ষামন্ত্রী বাংলাদেশে 'এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেন' নামে মহিলাদের জন্য স্বতন্ত্র একটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা সংক্রান্ত বিষয়ে যুক্তরাষ্ট্রের বোস্টনে দু'দিনের এক প্লানিং কর্মশালায় বক্তা হিসেবে যোগদান করবেন। উল্লেখ্য, বগুড়ায় এ মহিলা বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠিত হবে এবং দক্ষিণ-পূর্ব এশিয়ার সুবিধাবঞ্চিত ও দরিদ্র মহিলারা বিনা বেতনে এ বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নের সুযোগ পাবেন।